# বাংলা ভাষায় কমপিউটার বিষয়ক বই-পুস্তক

মোহাম্মদ লুৎফর রহমান ও মোঃ হাসান শহীদ

(পূর্ববর্তী সংখ্যার পর)

(ঠ) কমপিউটার গাইড।
লেখক : ফিরোজ আলম।
প্রকাশক : মায়ের দোয়া প্রকাশনী।
৩৯/১, নাসির উদ্দিন সরদার লেন, ঢাকা।
প্রকাশকাল : ফেব্রুয়ারী, ১৯৯১।
মূল্য : ২৫ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ৩২।
স্তর : প্রাথমিক ও মাধ্যমিক।

কমপিউটার সম্পর্কে কিছু প্রাথমিক তথ্য নিয়ে রচিত হয়েছে এ বইটি। এতে মোট অধ্যায়ের সংখ্যা দুই। প্রথম অধ্যায়ে রয়েছে কমপিউটার বিষয়ক ১৫৩টি প্রশ্নোত্তর। কমপিউটারে কাজ করার সংক্ষিপ্ত ধারণা, ইংরেজী কী-বোর্ডের উপর বাংলায় কাজ করার নিয়ম—এ নিয়ে সংগঠিত বইয়ের দ্বিতীয় অধ্যায়। বইটি ইংরেজী শব্দের ভারে ভারাক্রান্ত। বিষয়বস্তু ও উপস্থাপনার নিরিখে খুব উন্নতমানের না হলেও বইটি কমপিউটারের নব্য শিক্ষার্থীদের কিছু প্রয়োজন মিটাবে।

(ড) আধুনিক কমপিউটার বিজ্ঞান।
লেখক : ডক্টর মোহাম্মদ লুৎফর রহমান ও মোহাম্মদ আলমগীর হোসেন।
প্রকাশক : নবযুগ পাবলিকেশন্স।
৪৮ নর্থব্রুক হল রোড, ঢাকা-১১০০।
প্রকাশকাল : জানুয়ারী, ১৯৯২।
পৃষ্ঠা : ৪৭২ + ১৬।
মূল্য : ১৫০ টাকা (নিউজপ্রিন্ট), ২২৫ টাকা (সাদা)।
স্তর : উচ্চ মাধ্যমিক।

বাংলা একাডেমী ১৩৯৭-৯৮ সনের 'হালিমা-শরফুদ্দীন বিজ্ঞান লেখক পুরস্কার' নামক দ্বি-বার্ষিক পুরস্কারের জন্য এ বইটিকে নির্বাচিত করেছে। এ গ্রন্থের বিষয়বস্তুকে দু'ভাগে ভাগ করা যেতে পারে। প্রথম থেকে অষ্টম অধ্যায় প্রথমভাগের এবং নবম থেকে ষোড়শ অধ্যায় দ্বিতীয় ভাগের অন্তর্ভুক্ত বলে ধরা যায়। প্রথম ভাগের আটটি অধ্যায় কমপিউটারের উদ্ভব, বিকাশ, সংখ্যা পদ্ধতি ও কোড, কমপিউটারের সংগঠন, অপারেটিং সিস্টেম এবং কমপিউটারের প্রয়োগভিত্তিক বিভিন্ন তথ্যে সমৃদ্ধ। নবম থেকে ষোড়শ অধ্যায়ে উপাত্ত প্রক্রিয়াকরণের জন্য বিবেচ্য বিষয়সমূহ, তিন ধরণের প্যাকেজ প্রোগ্রাম (ডিবেজ থ্রী প্লাস, লোটাস ১-২-৩ এবং ওয়ার্ডষ্টার ফোর) এবং বেসিক ভাষায় প্রোগ্রাম রচনার কৌশলাদি তুলে ধরা হয়েছে। বইটি অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীদের আশানুরূপ লাভবান হওয়ার সম্ভাবনা রয়েছে নিঃসন্দেহে।

(ঢ) কমপিউটার শিখি।
লেখক : মোহাম্মদ আমিন ফরহাদ।
প্রকাশক : রুমা-ঝুমা প্রকাশনী।
এস. এ. ইন্টারন্যাশনাল।
২৫ শামসুজ্জোহা মার্কেট।
বাংলা মটর, ঢাকা।
প্রকাশকাল : মে, ১৯৯২।
মূল্য : ১১০ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ২১৬ + ৮।
স্তর : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

মোটামুটিভাবে তিনটি বিষয় এ পুস্তকে আলোচিত হয়েছে। এগুলো হলো (১) কমপিউটারের উদ্ভব, বিকাশ এবং এর গঠনগত পরিচিতি, (২) অপারেটিং সিস্টেম এবং (৩) ওয়ার্ডষ্টার (সংস্করণ ৪, ৫, ৬)।

এ সব ক'টি বিষয়ই লেখক প্রয়োজনীয় আলোচনার চেষ্টা করেছেন। কিছু কিছু বানান ভুল এবং মুদ্রণজনিত ত্রুটি সহজেই চোখে ধরা পড়ে। বেশ কিছু ক্ষেত্রে চিত্রের উপস্থাপনা অপরিহার্য ছিল। বইটির বিশেষত্ব হল প্রশ্নোত্তরের মাধ্যমে শেখানোর চেষ্টা— যা একজন নব্য শিক্ষার্থীর জন্য বেশ উপযোগী হবে। উপস্থাপনা বেশ ভাল।

(ণ) সহজ কমপিউটার।
লেখক : বিনয় দত্ত।
প্রকাশক : দিলীপ চক্রবর্তী।
১৩, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট।
কলিকাতা।
প্রকাশকাল : আগস্ট, ১৯৯২।
মূল্য : ভারতীয় ১৫০ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ৩৬৮ + ৬।
স্তর : উচ্চ মাধ্যমিক।

এ বইয়ে সর্বমোট ৪৭টি পরিচ্ছেদ-এ কমপিউটারের প্রাথমিক তথ্যাদি, কাজ করার মূলনীতি, সাংগঠনিক উপাদান, মানব জীবনে এর প্রভাব এবং বেসিক প্রোগ্রামিং এর উপর সার্বিক আলোচনা করা হয়েছে। পাঁচটি অধ্যায়ে অ্যানালগ কমপিউটারের উপর তত্ত্বভিত্তিক আলোচনা করা হয়েছে। বই-এ ব্যবহৃত ভাষা সহজ এবং সাবলীল, বিন্যাস এবং উপস্থাপনা। উন্নত মানসম্পন্ন। সার্বিক বিচারে বইটিকে কমপিউটারের উপর একটি ভাল বই হিসাবে চিহ্নিত করা যায়।

(ত) কমপিউটারের কত কথা।
লেখক : অশোক মুখোপাধ্যায়।
প্রকাশক : পুনশ্চ।
৯ এ, নবীন কুণ্ডু লেন।
কলিকাতা-১।
প্রকাশকাল : কলিকাতা বইমেলা, ১৯৯২।
মূল্য : ভারতীয় ২২ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ৮০।
স্তর : প্রাথমিক ও মাধ্যমিক।

কমপিউটার কি, কেন, কত রকমের ? কমপিউটারের সংগঠন কিরূপ ? প্রোগ্রাম কি, কত ধরনের ?— এসব নিয়েই বইটির বিষয়বস্তু সংগঠিত। হেড লাইনের আওতায় যাবতীয় তথ্যাদি উপস্থাপিত হয়েছে। বেশ কিছু প্রাসংগিক চিত্রের সংযোজন বইটিকে আকর্ষণীয় করেছে।

(থ) খেলার ছলে কমপিউটার।
লেখক : জগদীশ ঘোষ।
প্রকাশক : পত্র ভারতী।
৩/১, কলেজ রো, কলিকাতা-৭০০০০৯।
প্রকাশকাল : কলিকাতা পুস্তকমেলা, ১৯৯২।
মূল্য : ভারতীয় ২৫ টাকা (নিউজপ্রিন্ট)।
পৃষ্ঠা : ৩৬।
স্তর : প্রাথমিক।

কমপিউটারের প্রাথমিক তথ্যাদি ও বেসিক ভাষায় ছোট ছোট প্রোগ্রাম রচনার কৌশল নিয়ে বইটির বিষয়বস্তু সংগঠিত। চিত্রের অপূর্ব বিন্যাস ও কথোপকথনের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে গোটা বিষয়বস্তুকে। কিছু কিছু ক্ষেত্রে উপস্থাপনায় জটিলতা এসেছে। সার্বিকভাবে শিশুদের জন্য উপযোগী বলা যায়।

### ৬. কমপিউটার জগৎ প্রকাশনা সিরিজ :

এ নিবন্ধের শুরুতেই আমরা বলেছিলাম যে, বাংলা ভাষায় প্রকাশিত কমপিউটার বিষয়ক প্রায় সবগুলো পুস্তককেই আলোচনার আওতায় আনার চেষ্টা করা হয়েছে। কিন্তু বইয়ের প্রকাশনা হঠাৎ করে থেমে যাওয়ার মতে কোন বিষয় নয়। পত্রিকায় নিবন্ধটি প্রকাশ শেষ হওয়ার আগেই আমাদের হাতে এসে পৌঁছেছে কমপিউটার জগৎ প্রকাশনা সিরিজের ৮টি বই। কমপিউটার জগৎ "সহায়িকা" হিসেবে এ বইগুলোকে পাঠকদের হাতে তুলে দিয়েছে। সিরিজ আকারে একসংঙ্গে প্রকাশ, ভাষার সাবলীলতা এবং স্বল্প পরিসরে অনেক বেশী তথ্যের উপস্থাপনা বইগুলোর স্বাতন্ত্র্যতা। বইগুলোর বিন্যাস কৌশলও বেশ ভাল। তবে, সার্বিকভাবে এ বইগুলোকে একশোভাগ ত্রুটিমুক্ত বলা যাবে না। এ মুহূর্তে নিবন্ধের স্বাভাবিক ধারাবাহিকতা অনুযায়ী বইগুলোকে বিভিন্ন শ্রেণীর অন্তর্ভুক্ত করে আলোচনা করা গেল না, তবে নীচের পর্যায়ক্রমিক আলোচনায় এগুলোর শ্রেণী নির্দেশ করা হয়েছে।

(ক) কমপিউটার জগৎ প্রকাশনা – ১।
(ডস সহায়িকা)
শ্রেণী : সফটওয়্যার হার্ডওয়্যার মিশ্রণজাত।
লেখক : রেজাউল করিম।
প্রকাশক : নাজমা কাদের।
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা- ১২০৫।
প্রকাশকাল : মে ১৯৯৩।
মূল্য : ৫০ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ৮০।
স্তর : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

এ বইয়ে চারটি পরিচ্ছেদে বিন্যস্ত করে লেখক বিষয়বস্তু উপস্থাপন করেছেন। প্রথম পরিচ্ছেদে রয়েছে কমপিউটারের কিছু সাংগঠনিক উপাদান এবং সফটওয়্যার সম্বন্ধে সাধারণ আলোচনা। আমাদের দেশে কমপিউটার প্রযুক্তি ব্যবহারের এ উষালগ্নে এ বইয়ের উপযোগিতা রয়েছে নিঃসন্দেহে। বানানে কিছু অসংগতি এবং শেষের দিকে কিছু চিত্রে অস্পষ্টতা ছাড়া বইটি বেশ ভাল।

(খ) কমপিউটার জগৎ প্রকাশনা – ২।
(লোটাস সহায়িকা)
শ্রেণী : সফটওয়্যার।
লেখক : কাজী আবু মোঃ মোর্শেদ।
প্রকাশক : নাজমা কাদের।
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা- ১২০৫।
প্রকাশকাল : মে ১৯৯৩।
মূল্য : ৫০ টাকা (সাদা)।
পৃষ্ঠা : ৬৮।
স্তর : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

লোটাস ১-২-৩ এর ২.১ এবং ২.২ ভার্সনের উপর তথ্যসমৃদ্ধ বই এটি। প্রথম পরিচ্ছেদে কমপিউটারে

লোটাস শুরুর প্রক্রিয়া দিয়ে বইয়ের সূচনা এবং সপ্তম পরিচ্ছেদে লোটাস ম্যাক্রো আলোচনার মাধ্যমে বইয়ের সমাপ্তি। এরই মধ্যে আলোকপাত করা হয়েছে লোটাসের বিভিন্ন কমাণ্ড, লেখচিত্র এবং প্রয়োগ সম্বন্ধে। কিছু বানান ভুল সহজেই নজরে পড়ে। একটি জনপ্রিয় প্যাকেজ হিসাবে এদেশের কমপিউটার ব্যবহারকারীদের কাছে লোটাসকে আরো সহজবোধ্য করে তুলবে এ বইটি, সন্দেহ নেই।

(গ) কমপিউটার জগৎ প্রকাশনা – ৩।
(উইণ্ডোজ সহায়িকা)
শ্রেণী ঃ সফটওয়্যার।
লেখক ঃ আব্দুল মোত্তালিব।
প্রকাশক ঃ নাজমা কাদের।
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা- ১২০৫।
প্রকাশকাল ঃ মে ১৯৯৩।
মূল্য ঃ ৪০ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ৪৮।
স্তর ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

বিশ্বজুড়ে আলোড়ন সৃষ্টিকারী চিত্র নির্ভর অপারেটিং সিস্টেম উইণ্ডোজের উপর বাংলায় সম্ভবত এটিই প্রথম বই। সতেরটি অধ্যায়ে বিন্যস্ত করে লেখক বিষয়বস্তু উপস্থাপন করেছেন। বিষয়বস্তুর বিন্যাস এবং উপস্থাপনা বেশ ভাল। বিপুলায়তন উইণ্ডোজের যতটুকু এ বইয়ে আলোচিত হয়েছে তা এদেশের উইণ্ডোজ ব্যবহারকারীদের যথেষ্ট উৎসাহ এবং প্রেরণা যোগাবে একথা নিশ্চিত বলা যায়।

(ঘ) কমপিউটার জগৎ প্রকাশনা – ৪।
(ওয়ার্ডস্টার সহায়িকা)
শ্রেণী ঃ সফটওয়্যার।
লেখক ঃ মইন উদ্দীন মাহমুদ।
প্রকাশক ঃ নাজমা কাদের।
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা- ১২০৫।
প্রকাশকাল ঃ মে ১৯৯৩।
মূল্য ঃ ৪০ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ৫৬।
স্তর ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

ওয়ার্ডস্টার প্যাকেজটি অনেকের কাছে গতায়ু মনে হলেও প্রকৃতপক্ষে এখনও এ প্যাকেজের উপযোগিতা অনেক। আমাদের দেশের প্রেক্ষিতে এ কথাটি আরও বেশী সত্য। লেখক এ বইয়ে ওয়ার্ডস্টার রিলিজ-৪ এর বিভিন্ন কমাণ্ড ও তথ্যাদি নিয়ে আলোচনা করেছেন। তবে শেষ অধ্যায় ৫ম ও ৬ষ্ঠ ভার্সনের বাড়তি কিছু কমাণ্ডও সংযোজিত হয়েছে। বিষয়বস্তুর বিন্যাস এবং যথাসম্ভব ইংরেজী পরিহার করে সাবলীল ভাষায় উপস্থাপনা বইটির বিশেষত্ব।

(ঙ) কমপিউটার জগৎ প্রকাশনা – ৫।
(ডিবেজ সহায়িকা)
শ্রেণী ঃ সফটওয়্যার।
লেখক ঃ মোঃ আব্দুল মোত্তালিব।
প্রকাশক ঃ নাজমা কাদের।
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা- ১২০৫।
প্রকাশকাল ঃ মে ১৯৯৩।
মূল্য ঃ ৫০ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ৮৬।
স্তর ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

ডিবেজ থ্রী প্লাসের উপর রচিত এই বইটি বেশ তথ্য সমৃদ্ধ। প্রয়োজনীয় সংখ্যক চিত্র এবং সারণী ব্যবহার করে লেখক ১১টি অধ্যায়ে বিষয়বস্তু উপস্থাপন করেছে। ডিবেজের বিভিন্ন স্তরের ব্যবহারকারীদের জন্য বইটি উপযোগী হবে। বিষয়বস্তুর উপস্থাপনা এবং বিন্যাস বেশ ভাল।

(চ) কমপিউটার জগৎ প্রকাশনা – ৬।
(ট্রাবল শ্যুটিং সহায়িকা)
শ্রেণী ঃ হার্ডওয়্যার ১।
লেখক ঃ হাকিকুর রহমান।
প্রকাশক ঃ নাজমা কাদের।
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা- ১২০৫।
প্রকাশকাল ঃ মে ১৯৯৩।
মূল্য ঃ ৪০ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ৪০।
স্তর ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

কমপিউটারের (বিশেষ করে পিসির) রক্ষণাবেক্ষণ এবং সাধারণ ত্রুটিসমূহ নিজে সারার প্রক্রিয়া সম্বন্ধে আলোচনা করা হয়েছে এ বইয়ে। পাঁচটি অধ্যায় বিন্যস্ত করে লেখক বিষয়বস্তু উপস্থাপন করেছেন। আমাদের দেশের প্রেক্ষিতে এ বইয়ের উপযোগিতা অনেক। তবে, বিষয়বস্তুর আরও গভীরে পৌঁছার প্রয়োজন ছিল বলে আমাদের মনে হয়েছে। বানানে কিছু অসংগতি রয়েছে। বিন্যাস ও উপস্থাপনা বেশ ভাল।

(ছ) কমপিউটার জগৎ প্রকাশনা – ৭।
(ওয়ার্ড পারফেক্ট সহায়িকা)
শ্রেণী ঃ সফটওয়্যার।
লেখক ঃ জাকারিয়া স্বপন।
প্রকাশক ঃ নাজমা কাদের।
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা- ১২০৫।
প্রকাশকাল ঃ মে ১৯৯৩।
মূল্য ঃ ৫০ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ৬৪।
স্তর ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

এ বইয়ে সর্বমোট ১১টি অধ্যায়ে বিন্যস্ত করে ওয়ার্ডপারফেক্টের বিভিন্ন কমাণ্ড এবং তথ্যাদি আলোচিত হয়েছে। লেখক মোটামুটিভাবে বিষয়বস্তুর গভীরে পৌঁছে খুঁটিনাটি বিষয়গুলোও ব্যবহারকারীদের সামনে তুলে ধরার চেষ্টা করেছেন। সেদিক থেকে বইটি পাঠকদের জন্য বেশ উপযোগী হবে। বিষয়বস্তুর উপস্থাপনায় বিশেষত্ব রয়েছে।

(জ) কমপিউটার জগৎ প্রকাশনা – ৮।
(ডিটিপি সহায়িকা)
শ্রেণী ঃ সফটওয়্যার।
লেখক ঃ মোস্তাফা জাব্বার।
প্রকাশক ঃ নাজমা কাদের।
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা- ১২০৫।
প্রকাশকাল ঃ মে ১৯৯৩।
মূল্য ঃ ৫০ টাকা (সাদা)।
পৃষ্ঠা ঃ ৬৪।
স্তর ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক।

ডেস্কটপ পাবলিসিং এর জন্য চমৎকার সহায়িকা গ্রন্থ এটি। ব্যবসায়িক অথবা ব্যক্তিগত প্রয়োজনে এ বইটি অনুসরণের মাধ্যমে যে কেউ যে কোন প্রকাশনায় প্রাকমুদ্রণ কাজগুলো নিজে নিজেই করতে পারবেন। বইয়ের ভাষা সাবলীল এবং বিন্যাস ভাল।

কমপিউটার জগৎ প্রকাশনা সিরিজের বইগুলো হাতে পৌঁছার পর আমাদের আলাপ হয়েছে জগৎ-এর সম্পাদনা উপদেষ্টার সাথে। তিনি জানিয়েছেন "জনগণের হাতে কমপিউটার তুলে দেয়ার মহান উদ্দেশ্য নিয়ে জগৎ-এর যাত্রা শুরু হয়েছিল দুবছর আগে। জনগণের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে এ উদ্যোগকে আরও বেগবান করার মানসেই এ প্রকাশনা সিরিজ। এ কারণেই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, কমপিউরটার শিক্ষার্থী, কমপিউটার সামগ্রী বিক্রেতা প্রতিষ্ঠান, কমপিউটার জগৎ-এর নিয়মিত গ্রাহকবৃন্দ (দুটি বই বিনামূল্যে পাওয়ার সুবিধাসহ) এবং কমপিউটার প্রশিক্ষণ কেন্দ্রসমূহের জন্য এ প্রকাশনা সিরিজের বিনিময় মূল্য লিখিত মূল্যের অর্ধেক নির্ধারণ করা হয়েছে। তাছাড়া, এ প্রকাশনা সিরিজকে আরও বিস্তৃত এবং সমৃদ্ধ করে যথাসম্ভব কমমূল্যে পাঠকদের হাতে তুলে দেয়ার মানসে আমাদের রয়েছে এক সুদূর প্রসারী পরিকল্পনা।"

### ৩. উপসংহার

আমাদের দেশে কমপিউটার প্রযুক্তির আগমন বেশী দিনের নয়। সে তুলনায় প্রকাশিত বইয়ের সংখ্যা অত্যন্ত আশাব্যঞ্জক। দেশের সব স্তরের লোকদের মধ্যে কমপিউটারে প্রশিক্ষণ গ্রহণ এবং তা প্রয়োগের যে চেতনা সৃষ্টি হয়েছে— তা বাংলা ভাষায় প্রকাশিত বইয়ের চাহিদাকে সুস্পষ্টভাবে প্রমাণ করে। অন্যকোন প্রযুক্তির ক্ষেত্রেই কিন্তু এমনটি ঘটেনি কখনো। তবে কি বাঙালীর মন, মস্তিষ্ক এবং এখানকার পরিবেশ কম্পিউটার কৌশল চর্চার জন্যই সবচেয়ে বেশী উপযোগী? এ সম্পর্কে নানাজনের নানা মত। বর্তমান বিশ্বটা দিনে দিনে কমপিউটার নির্ভর হয়ে উঠছে, সেখানে বাঙালী জাতিকে এ প্রযুক্তির ব্যাপক প্রভাব এবং সুফল থেকে বিচ্ছিন্ন করে ভাবা যায় না। কমপিউটার প্রযুক্তি যতটা জটিল এর সাধারণ প্রয়োগ ঠিক ততটাই সহজ। একজন উচ্চ মানের প্রোগ্রামার কিংবা হার্ডওয়্যার বিশেষজ্ঞ হওয়া সহজ সাধ্য নয়। কিন্তু কমপিউটারে প্রাথমিক জ্ঞান অর্জনের মাধ্যমে দৈনন্দিন জীবনের স্বাভাবিক কর্মকাণ্ডে কমপিউটার প্রয়োগে দক্ষ হয়ে ওঠা খুব একটা কঠিন কিছু নয়। এ বিষয়টাই এদেশের শিক্ষিত বেকারসহ সর্বস্তরের লোকদেরকে কমপিউটার প্রযুক্তির দিকে ধাবিত করেছে। বস্তুতঃ এ ব্যাপারে মতভেদ থাকাটাই স্বাভাবিক। তবে, একটা বিষয়ে সকলেই একমত হবেন যে, কমপিউটার চর্চার এ জোয়ারকে আরও ত্বরান্বিত করতে হলে বাংলা ভাষায় রচিত এ বিষয়ক আরও উন্নততর বই-পুস্তক অপরিহার্য।

কমপিউটার একটি সতত্‌ঃ ধাবমান বিষয়। দিনে দিনে এর প্রয়োগের ক্ষেত্র বেড়েই চলছে। হয়ত এমন একদিন আসবে যেদিন কমপিউটারের ব্যাপক প্রয়োগ আমাদেরকে দারিদ্র্যের কষাঘাত আর বিশ্বের অভিজাত সমাজের দাসত্ব থেকে মুক্তি দিবে। দেশের সর্ব আঙ্গিকে কমপিউটারের ব্যবহার সুনিশ্চিত করার কথা আরও গুরুত্ব সহকারে ভাবা প্রয়োজন। এ ক্ষেত্রে যেসব উপায় উপকরণ সহায়ক ভূমিকা পালন করবে তার মধ্যে বাংলা ভাষায় রচিত বই-পুস্তক অপরিহার্য বটে, তবে কখনোই যথেষ্ট নয়। আমাদেরকে গোটা বিশ্বের দিকে তাকাতে হবে। পৃথিবীর বিভিন্ন ভাষায় রচিত কম্পিউটার বিষয়ক উল্লেখযোগ্য বইগুলো থেকে নিতে হবে প্রয়োজনীয় সহায়তা।

জানামতে, বাংলা ভাষায় প্রকাশিত সবগুলো বই-পুস্তককেই এ আলোচনার আওতায় আনার চেষ্টা করা হয়েছে। তবে কিছু বই প্রকাশের অপেক্ষায় আছে বলে বিভিন্ন সূত্র থেকে জানা গেছে। হয়ত এরই মধ্যে আরও কিছু বই প্রকাশিত হয়ে থাকবে। পাঠকদেরকে ভাল কিছু উপহার দেয়ার উদ্দেশ্যেই বইগুলো রচিত হয়েছে। বিভিন্ন ক্ষেত্রে ভুল ত্রুটি কিংবা দুর্বলতা থেকে যাওয়া অস্বাভাবিক কিছু নয়। তবে সামগ্রিক বিচারে লেখকদের এ মহৎ প্রয়াস ব্যাপক প্রশংসার দাবী রাখে।

(সমাপ্ত)